



ছাত্রকে বলাত্কার || কওমি মাদ্রাসার প্রধান শিক্ষক গ্রেফতার

প্রকাশিত: ২৫ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, নেত্রকোণা, ২৪ সেপ্টেম্বর || এক ছাত্রকে বলাত্কারের অভিযোগে খালিয়াজুরী উপজেলা সদরের ইসলামিয়া হাফিজিয়া (কওমি) মাদ্রাসার প্রধান শিক্ষক মাওলানা বশিরুল ইসলামকে (৫৭) গ্রেফতার করেছে স্থানীয় থানা পুলিশ। সোমবার রাতে মাদ্রাসার বোর্ডিং থেকে তাকে গ্রেফতার করা হয়। বশিরুল ইসলামের বাড়ি ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার বি-কাঁঠালিয়া গ্রামে। তিনি আট সন্তানের জনক। এছাড়া তার নাতি-নাতনিও রয়েছে।

জানা গেছে, মাওলানা বশিরুল ইসলাম ওই মাদ্রাসার বোর্ডিং-এ থাকতেন। এ মাদ্রাসার ছাত্ররাও বোর্ডিংয়ে থেকে পড়ালেখা করে। রবিবার রাত সাড়ে তিনটার দিকে তিনি ১১বছর বয়সী এক ছাত্রকে জোরপূর্বক টয়লেটের পাশে নিয়ে বলাত্কার করেন। এ সময় একই মাদ্রাসার সহকারী শিক্ষক মিজানুর রহমান ঘটনাটি দেখে ফেলেন। পরে তিনি তা মাদ্রাসার পরিচালনা পরিষদের সদস্যদের জানান। পরিচালনা পরিষদের সভাপতি গোলাম আবু ইচ্ছাক এ বিষয়ে থানায় অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে খালিয়াজুরী থানা পুলিশ সোমবার রাতে মাদ্রাসার বোর্ডিং থেকে বশিরুল ইসলামকে গ্রেফতার করে। খালিয়াজুরী থানার ওসি এটিএম মাহমুদুল হক মঙ্গলবার ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে বশিরুল ইসলাম একমাস ধরে শিশুটিকে বলাত্কার করে আসার কথা স্বীকার করেছে। শিশুটির মা পুলিশ ও সাংবাদিকদের জানান, তার ছেলে একমাস যাবত মাদ্রাসায় থাকতে চাহছিল না।

কিন্তু তারা ভেবে নিয়েছিলেন এটি ফাঁকিবাজি। শিশুটি জানায়, তাবিজ-কবজ এবং কুফুরি-কালামের মাধ্যমে মেরে ফেলার ভয় দেখিয়ে প্রধান শিক্ষক তাকে এ ধরনের অত্যাচার করে আসছিলেন। ডাক্তারি পরীক্ষার জন্য শিশুটিকে জেলা সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com